

# বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে প্রধান শিক্ষক-অধ্যক্ষ-সুপার নিয়োগ বন্ধ



ফাইল ছবি

সমকাল প্রতিবেদক

প্রকাশ: ০৮ অক্টোবর ২০২৫ | ০৫:৫০



দেশের বেসরকারি সব ধরনের শিক্ষাপ্রতিষ্ঠানে প্রতিষ্ঠানপ্রধান বা সহকারী প্রধান নিয়োগ কার্যক্রম বন্ধ রাখার নির্দেশনা দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়।

৫ অক্টোবর শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের উপসচিব সাইয়েদ এ জেড মোরশেদ আলীর সই করা অফিস আদেশে এ নির্দেশনা দেওয়া হয়।

সোমবার (৬ অক্টোবর) সকালে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে এ সংক্রান্ত আদেশের কপি আপলোড করা হয়েছে।

অফিস আদেশে বলা হয়, বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধান/সহকারী প্রধান (অধ্যক্ষ, উপাধ্যক্ষ, প্রধান শিক্ষক, সহকারী প্রধান শিক্ষক, সুপার ও সহকারী সুপার) নিয়োগ বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষের (এনটিআরসিএ) মাধ্যমে করা হবে বলে সরকার নীতিগত সিদ্ধান্ত গ্রহণ করেছে।

এতে আরও বলা হয়, এমতাবস্থায় পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত সকল বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধান/সহকারী প্রধানের (অধ্যক্ষ, উপাধ্যক্ষ, প্রধান শিক্ষক, সহকারী প্রধান শিক্ষক, সুপার ও সহকারী সুপার) পদে নিয়োগ কার্যক্রম বন্ধ রাখার জন্য অনুরোধ করা হলো।